দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 28 MAR 1989
পৃষ্ঠা ... কলাম ৪

121

# চট্টগ্রামে তিনটি কলেজে সংঘর্ষ ২ জন নিহত

চট্টগ্রাম, ২৭শে মার্চ (নিজস্ব বার্তা পরিবেশক)।—কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে চট্টগ্রামে তিনটি সরকারী কলেজে সংঘর্ষ ও গাড়ী চাপা পড়ে ২ জন নিহত ও অর্ধ শতাধিক আহত হয়েছে। আহতদের মধ্যে ৫ জনকে চট্টগ্রাম মেডিকাল কলেজ হাসপাতাল ও ২০ জনকে বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়েছে। পুলিশ ১০ জনকে গ্রেফতার করেছে।

ঘটনার প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদ আগামীকাল ভোর ৬টা

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## চট্টগ্রামে ২ জন নিহত

(১ম পাতার পর)

থেকে বেলা ১২টা পর্যন্ত চট্টগ্রামে হরতাল আহ্বান করেছে। কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কমার্স কলেজ বন্ধ ঘোষণা করেছে।

পুলিশ জানায়, বেলা ১১টায় চট্টগ্রাম সরকারী কমার্স কলেজে ছাত্র সংসদের মনোনয়নপত্র জমা দেয়ার সময় ইসলামী ছাত্র শিবির-কর্মীরা ছাত্র সংগ্রাম পরিষদের মিছিলে প্রথমে বোমা এবং পরে ষ্টেনগান দিয়ে গুলী চালায়। এতে ঘটনাস্থলে সংগ্রাম পরিষদের ৪০জন নেতা কর্মী আহত হয়। এরমধ্যে প্রথম বর্ষ আই এ'র ছাত্র জসিমউদ্দিন (১৯) হাসপাতালে নেয়ার পরপরই মারা যায়। শিবির তাকে তাদের কর্মী বলে দাবী করলেও সংগ্রাম পরিষদ সাধারণ ছাত্র বলে জানায়।

একই সময়ে কলেজমুখী পুলিশের গাড়ী (চট্টগ্রাম ন-৩৩৫২) নীচে আগ্রাবাদের একটি ব্যাংকের কর্মচারী মুনম্বর খান (৬০) চাপা পড়ে। হাসপাতালে নেয়ার সঙ্গে সঙ্গেই সে মারা যায়।